# মেগা প্রকল্প এড়িয়ে সেবা খাতে বিনিয়োগের প্রতিশ্রুতি বিএনপির: তারেক রহমান



সংগৃহীত ছবি

তারেক রহমান বলেছেন, রাষ্ট্রের স্বার্থে শিক্ষা স্বাস্থ্য ও সামাজিক উন্নয়নকে অগ্রাধিকার দেবে বিএনপি। তিনি জানান মেগা প্রকল্পে অনিয়মের ঝুঁকি বেশি তাই বিএনপি সেই পথে না গিয়ে স্বচ্ছ উন্নয়ন মডেল অনুসরণ করতে চায়। পাশাপাশি মানবাধিকার সুরক্ষা রাজনৈতিক স্বাধীনতা ও নারীর আর্থিক সক্ষমতা বৃদ্ধিকে দলীয় অঙ্গীকার হিসেবে তুলে ধরেন তিনি।

রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশনে আয়োজন করা বিএনপির "দেশ গড়ার পরিকল্পনা" শীর্ষক কর্মসূচিতে বক্তব্য দেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন বিগত কয়েকটি শাসনামলে মেগা প্রকল্প দুর্নীতির রূপ নিয়েছে। তাই ক্ষমতায় গেলে বিএনপি অযৌক্তিক মেগা প্রকল্পে না গিয়ে রাষ্ট্রের অর্থ জনগণের কল্যাণে ব্যয় করবে। বিশেষ করে শিক্ষা খাতে অবকাঠামো উন্নয়ন, স্বাস্থ্যসেবার আধুনিকায়ন ও সামাজিক নিরাপত্তা জোরদার করাকে অগ্রাধিকার দেওয়ার কথা জানান তিনি।

তারেক রহমান জানান স্বৈরাচারী সময়কালে শুধু রাজনৈতিক কর্মীদের ওপরই নয় সাধারণ মানুষের মানবাধিকারও লঙ্ঘিত হয়েছিল। গুম হত্যা ও নির্যাতনের মতো ঘটনা বাংলাদেশকে পিছিয়ে দিয়েছে। বিএনপি দেশে আর কখনো মানবাধিকার লঙ্ঘনের পুনরাবৃত্তি দেখতে চায় না বলেও তিনি উল্লেখ করেন। তিনি আরও আশ্বাস দেন—যে কোনো দল মতের মানুষের রাজনৈতিক মত প্রকাশ ও নিরাপদভাবে কার্যক্রম পরিচালনার পরিবেশ নিশ্চিত করা হবে।

নারী ও পরিবারকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করতে ফ্যামিলি কার্ডের মতো উদ্যোগ ভবিষ্যতেও বিস্তৃত করার পরিকল্পনার কথা জানান তিনি। তার দাবি বিএনপি সরকারের শিক্ষা সংস্কারের সুফল দেশ ইতোমধ্যে পেয়েছে এবং সেই ধারাবাহিকতা আরও জোরদার করতে চায় দলটি।